

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২৪

এসএসএস

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৩-২৪

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

# এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোম










বর্তমানে
সুবিধাবঞ্চিত ৮০
জন ছেলেমেয়ে
এই হোম হতে
ভরণপোষণসহ সমাজে প্রতিষ্ঠা
লাভের সকল সুযোগ-সুবিধা পাচ্ছে।


S S S BHABAN
AB Bank
এটিএম

**প্রচ্ছদঃ**

*মিসেস ফাতেমা বেগম, টাঙ্গাইলের মধুপুর উপজেলার গোবুদিয়া গ্রামে বাড়ি। তিনি এসএসএস-এর ঋণ কর্মসূচির একজন সদস্য। মিসেস ফাতেমা বেগম এসএসএস হতে উদ্যোক্তা (সমন্বিত কৃষি উন্নয়ন) খাতে ঋণ ও কারিগরি সেবা গ্রহণ করে সফল ও স্বাবলম্বী হয়েছেন।*



বার্ষিক প্রতিবেদন

২০২৩-২৪

*তৃণমূল-পর্যায়ে সম্পদ ও সক্ষমতার সর্বোচ্চ বিকল্প ব্যবহার, আর্থসামাজিক সমৃদ্ধি ও ক্ষমতায়ন--এসএসএস-এর মৌলিক অঙ্গিকার।*


## সার্বিক তত্ত্বাবধানে

আব্দুল হামিদ ভূইয়া
নির্বাহী পরিচালক

## রচনা ও সম্পাদনায়

গবেষণা ও প্রকাশনা বিভাগ

## সহযোগিতায়

এসএসএস-এর আন্তঃবিভাগসমূহ

এসএসএস কর্তৃক প্রকাশিত।

# সূচিপত্র






সভাপতি ও নির্বাহী পরিচালকের বাণী ১০-১৩

পরিচালনা পর্ষদ ১৪-১৭

এসএসএস পরিচিতি ১৮-৩১

পরিচালনা ও সুশাসনের রূপরেখা ৩২-৩৩

এসএসএস-এর শীর্ষ ব্যবস্থাপনা ৩৪-৩৫

এসএসএস-এর বিগত ১৫ বছর ৩৬-৩৯

এসএসএস-এর কর্মসূচি ৪০

অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি ৪১-৭৩

সামাজিক উন্নয়ন কর্মসূচি ৭৪-১০৭

সম্ভাবনা ও সক্ষমতার উন্নয়ন কর্মসূচি ১০৮-১২১

এসএসএস-এর ঘটনা-প্রবাহ ১২২-১২৫

অডিটরস ও আর্থিক প্রতিবেদন ১২৬-১৩৪

ক্রেডিট রেটিং ১৩৫

উপসংহার ১৪২

# এসএসএস-এর কর্মএলাকা



# Organogram of SSS

**Abbreviation**

| | | | |
|---|---|---|---|
| CEO | = Chief Executive Officer | ZM | = Zonal Manager |
| Sr. Director | = Senior Director | AM | = Area Manager |
| D | = Director | PO | = Program Officer |
| JD | = Joint Director | BM | = Branch Manager |
| DD | = Deputy Director | OBM | = Operational Branch Manager |
| Sr. AD | = Senior Assistant Director | ABM | = Assistant Branch Manager |
| AD | = Assistant Director | BA | = Branch Accountant |
| SPM | = Senior Program Manager | AVCF | = Assistant Value Chain Facilitator |
| SAPM | = Senior Asst. Program Manager | VS | = Vehicle Supervisor |
| APM | = Asst. Program Manager | ZA | = Zonal Accountant |
| PM | = Program Manager | MLSS | = Member of Lower Subordinate Staff |
| SPO | = Senior Program Officer | | |
| APO | = Asst. Program Officer | | |





# সভাপতির বাণী

মহান সৃষ্টিকর্তার নামে শুরু করছি। সকলের সার্বিক প্রচেষ্টায় এগিয়ে চলছে এসএসএস। বিগত অর্থবছরের সকল কর্মকাণ্ড ও বিশ্লেষণ নিয়ে প্রকাশ করা হলো: এসএসএস বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪। সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

সূচনা-লগ্ন থেকে এসএসএস সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর উন্নয়নে নিবেদিত। আর্থসামাজিক সমৃদ্ধি ও মানবতার কল্যাণ-সাধন সংস্থার নির্মোহ আকাঙ্ক্ষা। এরই ধারাবাহিকতায় চালিত হচ্ছে শ্রম, মেধা ও আর্থিক ব্যবস্থা। চাহিদা ও বাস্তবতার নিরিখে সংস্থা বাস্তবায়ন করে যাচ্ছে--সময়োপযোগী বহুমুখী কর্মকাণ্ড। তৃণমূল-পর্যায়ে সাধারণ জনগোষ্ঠী সম্পৃক্ত হচ্ছে উৎপাদনমুখী বিভিন্ন জীবিকা ও পেশায়। ত্বরান্বিত হচ্ছে আর্থসামাজিক উন্নয়ন ও কল্যাণ। আয়বর্ধনশীল কর্মকাণ্ড সম্পাদন ও ক্রমাগত উন্নয়ন ভাবনায় এগিয়ে যাচ্ছে অভীষ্ট সমাজ। সংস্থার আর্থিক ও কারিগরি পরিষেবা, প্রশিক্ষণ, মানবতা ও ইতিবাচক নেতৃত্বে তৈরি হচ্ছে--উন্নয়নের উৎকৃষ্ট পথ। ফলে, কর্মএলাকায় সাধারণ জনগোষ্ঠীর জীবনমান ও সম্পদ-সক্ষমতা বৃদ্ধি পাচ্ছে।

> সংস্থার আর্থিক ও কারিগরি পরিষেবা, প্রশিক্ষণ, মানবতা ও ইতিবাচক নেতৃত্বে তৈরি হচ্ছে--উন্নয়নের উৎকৃষ্ট পথ। ফলে, কর্মএলাকায় সাধারণ জনগোষ্ঠীর জীবনমান ও সম্পদ-সক্ষমতা বৃদ্ধি পাচ্ছে।

এসএসএস তিন-যুগেরও বেশি সময় ধরে কাজ করে যাচ্ছে। দীর্ঘ এ-পথ চলায় সংস্থা অনেক চড়াই উতরাই পরিস্থিতি অতিক্রম করেছে। এসএসএস ব্যবস্থাপনা ও কর্মীবৃন্দ সর্ব-অবস্থায় ছিল--নিবেদিত-প্রাণ ও আগুয়ান। সৃজনশীলতা, দক্ষতা, মানবতা ও ইতিবাচক নেতৃত্ব--এসএসএসকে দিয়েছে উল্লেখযোগ্য সাফল্য ও স্বীকৃতি। কর্মীবান্ধব ও সৃজনশীলতায় রয়েছে এক-ধাপ এগিয়ে। জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে হয়েছে নন্দিত ও পুরুস্কৃত। এ-সকল স্বীকৃতি ও সুনাম এসএসএসকে উন্নয়ন পরিমণ্ডলে দিয়েছে বিশেষ স্বতন্ত্র সত্তা।

সংস্থার সাধারণ ও কার্যনির্বাহী পর্ষদের সম্মানিত সকল সদস্য, দাতা ও উন্নয়ন সংস্থার প্রতিনিধি এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা--সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা। এছাড়াও আমার শুভেচ্ছা ও প্রীতি রইল সংস্থায় নিয়োজিত কর্মী ও প্রান্তিক স্তরের উন্নয়ন-সদস্যবৃন্দের প্রতি--যাদের নিরন্তর কর্মস্পৃহায় অর্জিত হয় সাফল্য ও প্রবৃদ্ধি।

এসএসএস-এর প্রবাহমান উন্নয়ন শিখা, অনন্ত ধারার বিচিত্ররূপে চলমান থাকবে। মহান সৃষ্টিকর্তার নিকট সকলের মঙ্গল কামনা করে--শেষ করছি।

**মুর্শেদ আলম সরকার**
সভাপতি, এসএসএস।



# নির্বাহী পরিচালকের বানী

সকল প্রশংসা মহান সৃষ্টিকর্তার প্রতি। আমরা অতিবাহিত করলাম অর্থবছর ২০২৩-২৪। বিগত অর্থবছরের কর্মকাণ্ড ও অর্জন নিয়ে সঙ্কলিত হলো: এসএসএস বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪। এসএসএস বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করার জন্য আমি অত্যন্ত পুলকিত। সকলের প্রতি--আমার শুভেচ্ছা।

উন্নয়ন অগ্রযাত্রায়--এসএসএস আজ জাতীয়-পর্যায়ের অন্যতম বৃহৎ (পঞ্চম) উন্নয়ন সংস্থা। সংস্থা সূচনা-পর্ব থেকে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। গ্রহণ করেছে বিভিন্নমুখী উদ্যোগ ও কার্যক্রম--বস্তুনিষ্ঠ কর্মকৌশল, অন্তর্ভুক্তিমূলক আর্থিক ও কারিগরি পরিষেবা এবং উন্নয়ন সংস্কার। এ-সকল কর্মযজ্ঞ সাধারণ ও মেহনতি মানুষের উন্নয়নে ভূমিকা রাখছে। কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ, ছোট ব্যবসা, হস্তশিল্প, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, পরিবহন, প্রত্যক্ষসেবা ও অন্যান্য খাতে উপযোগ সৃষ্টি হচ্ছে। সংস্থার প্রত্যক্ষ প্রচেষ্টায় উদ্যোক্তা তৈরি হয়েছে ২ লক্ষ ৩৬ হাজার ৭ শত ৮৫ জন। ফলে, স্ব-কর্মসংস্থান ও মজুরিভিত্তিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। তৃণমূল-পর্যায়ে আয়, সম্পদ ও জীবনমান বৃদ্ধি পাচ্ছে। এগিয়ে যাচ্ছে জাতীয় অগ্রগতি ও উন্নয়ন। ৩০ জুন ২০২৪-এ সংস্থা ৬,৯৮৪ জন কর্মী ও ৬৫৮টি শাখার মাধ্যমে ১০ লক্ষ ৯৪ হাজার ৭ শত ৭৯টি পরিবারকে পরিষেবা প্রদান করে। ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণ করে ৮,০৩০.৬৮ কোটি টাকা।

উন্নয়ন-বান্ধব সংস্থা হিসেবে--এসএসএস অনুপ্রেরণা, আর্থিক পরিষেবা, ত্রাণ ও অনুদান, চিকিৎসসেবা প্রদানসহ অন্যান্য বিষয়ে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। উপকৃত হচ্ছে সাধারণ ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী। ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার স্বাস্থ্য কর্মসূচি হতে ১ লক্ষ ৮৩ হাজার ৬ শত ১৬ জন রোগী, শিক্ষা ও শিশু উন্নয়ন কর্মসূচি হতে ২ হাজার ৮ শত ৯৩ জন ছাত্রছাত্রী, প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি হতে ৪,৫৫০ জন প্রবীণ পরিষেবা গ্রহণ করেন। সামাজিক উন্নয়ন ও কল্যাণ কর্মকাণ্ডে (অনুদান হিসেবে) সংস্থার ব্যয় ৮.৬৮ কোটি টাকা।

এসএসএস পরিষেবার গুণগত উৎকর্ষসাধন ও সংস্করণে অক্লান্ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতিস্তরে আদর্শ নীতি, কর্মপদ্ধতি ও নেতৃত্ব, সুশাসন, দক্ষতা, স্বচ্ছতা, প্রযুক্তির ব্যবহার ও পেশাদার মনোবৃত্তির চর্চা অনুসৃত হচ্ছে। সুনিপুণ মানবসম্পদ তৈরিতে গ্রহণ করা হয়েছে বিশেষ উদ্যোগ। ২০২৩-২৪ সময়সীমায় সংস্থা ৩,৪৫৭ জন কর্মী এবং ১২,২৬৩ জন সদস্যকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে।

এসএসএস-এর সকল সাফল্য, সুনাম ও স্বীকৃতির পিছনে রয়েছে--সকলের ক্রমাগত সহায়তা ও সদিচ্ছা। এমআরএ, এনজিও-বিষয়ক ব্যুরো, সমাজসেবা অধিদপ্তর, জয়েন্ট স্টক কোম্পানি, বিভিন্ন বিভাগ ও মন্ত্রণালয়ের প্রতি আমরা বিশেষভাবে কৃতজ্ঞ। উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি এবং সাধারণ ও কার্যনির্বাহী পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দকে জানাই আন্তরিক অভিনন্দন। সংস্থার কর্মী ও তৃণমূল সদস্যদের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ। সকলের মঙ্গল কামনায় শেষ করছি।

**আব্দুল হামিদ ভূইয়া**
নির্বাহী পরিচালক, এসএসএস।

**সমন্বিত উন্নয়ন নিয়ে এসএসএস গুরুত্বের সাথে কাজ করে যাচ্ছে। এরই অবিচ্ছেদ্য অংশ স্বরূপ: সংস্থা কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ খাতে তথ্যগত, আর্থিক, কারিগরি ও প্রযুক্তি হস্তান্তর-বিষয়ক পরিষেবা প্রদান করে যাচ্ছে। ফলে কর্মএলাকায় বেশকিছু স্থিতিশীল উদ্যোগ ও ব্যবসা প্রতিষ্ঠা পাচ্ছে। নিরাপদ কৃষি ও খাদ্য উৎপাদন সম্প্রসারিত হচ্ছে। এ-সকল কার্যক্রম: পরিবেশ সংরক্ষণ, জীবনমান উন্নয়ন ও নিরাপদ ফলমূল উৎপাদনে বিশেষ ভূমিকা রাখছে।**



সোসাইটি ফর সোশ্যাল সার্ভিস (এসএসএস)
বার্ষিক সাধারণ সভা-২০২৩
সভা নং-৩৬


# পরিচালনা পর্ষদ



সাধারণ পর্ষদ
কার্যনির্বাহী পর্ষদ
নির্বাহী পরিচালক

# সাধারণ পর্ষদ


মুর্শেদ আলম সরকার
সভাপতি


মো. আব্দুর রউফ খান
সহ-সভাপতি


নিলুফা ইয়াসমিন
কোষাধ্যক্ষ


কাজী জাকেরুল মওলা
সদস্য


মমতাজ বেগম
সদস্য


মোহাম্মদ আলাউদ্দিন প্রধান
সদস্য


মো. আব্দুল বারী
সদস্য


উৎপল কুমার সিংহ রায়
সদস্য


লায়লা ভূঞা
সদস্য


তাহমিনা পারভীন
সদস্য


প্রতিমা দেবী
সদস্য


মো. আব্দুস সবুর মিয়া
সদস্য


মো. আব্দুল খালেক
সদস্য


ফিরোজা বেগম
সদস্য


তানভীর রেজা
সদস্য


লিয়াকত আলী খান
সদস্য


এস. এম পারভেজ
সদস্য


সেলিম হোসেন ভূঞা
সদস্য


মুহাম্মদ কামরুজ্জামান
সদস্য


নাজমুন নাহার
সদস্য


অপর্ণা পাল
সদস্য


মোহাম্মদ এনামুল হক খান
সদস্য

# কার্যনির্বাহী পর্ষদ



মুর্শেদ আলম সরকার
সভাপতি



মো. আব্দুর রউফ খান
সহ-সভাপতি



নিলুফা ইয়াসমিন
কোষাধ্যক্ষ



লায়লা ভূঞা
সদস্য



মোহাম্মদ আলাউদ্দিন প্রধান
সদস্য



লিয়াকত আলী খান
সদস্য



তানভীর রেজা
সদস্য



এস. এম পারভেজ
সদস্য



আব্দুল হামিদ ভূইয়া
সদস্য সচিব

## সাধারণ পর্ষদ

এসএসএস-এর সাধারণ পর্ষদ ২২ সদস্যবিশিষ্ট। সাধারণ পর্ষদ সংস্থার সিদ্ধান্ত গ্রহণ ও নীতিমালা প্রণয়নের সর্বময় ক্ষমতার অধিকারী। সুশীল সমাজের যেকোন ব্যক্তি সংস্থার নীতিমালা অনুযায়ী সদস্য হতে পারবেন। নির্বাচিত সদস্যকে অবশ্যই জনকল্যাণে ইচ্ছুক এবং বিনা পারিশ্রমিকে সংস্থার সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ থাকতে হবে। একটি অর্থবছরে একবার বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সম্মানিত সদস্যগণ বাধ্যতামূলকভাবে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করবেন। বার্ষিক সাধারণ সভা বিগত সভার কর্মবিবরণী পর্যালোচনা করা হয়। অনুমোদন লাভ করে সংস্থার কর্মকৌশল, বার্ষিক পরিকল্পনা, বাজেট, বহিঃঅডিটর নিয়োগ, নতুন নীতিমালা ও কর্মপন্থা, নির্বাহী পর্ষদের সদস্য নির্বাচন ইত্যাদি।

## কার্যনির্বাহী পর্ষদ

সাধারণ পর্ষদের কিছুসংখ্যক সদস্যের সমন্বয়ে গঠিত হয়--কার্যনির্বাহী পর্ষদ। বার্ষিক সাধারণ সভায় কার্যনির্বাহী পর্ষদ গঠিত হয়। সাধারণ পর্ষদের সদস্যগণের প্রত্যক্ষ ভোটে কার্যনির্বাহী পর্ষদের সদস্য নির্বাচিত হয়। এই পর্ষদের মেয়াদকাল তিন বছর। এসএসএস-এর কার্যনির্বাহী পর্ষদের সদস্য সংখ্যা ১০ জন। সদস্যগণকে বছরে কমপক্ষে চারটি কার্যনির্বাহী সভায় অংশগ্রহণ করতে হবে। এই পর্ষদ ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণ, কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নে নির্বাহী পরিচালককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে। সম্মানিত সদস্যগণ বিনা পারিশ্রমিকে সংস্থার সার্বিক কল্যাণে নিবেদিত থাকবেন।

## নির্বাহী পরিচালক

সংস্থার নিত্যনৈমিত্তিক সমস্ত কর্মকাণ্ড পরিচালনা ও নিয়ন্ত্রণের দায়দায়িত্ব নির্বাহী পরিচালক মহোদয়ের। তিনি সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োজিত।



ছবি:
এসএসএস-এর
একটি তৃণমূল-পর্যায়ের
উন্নয়ন-সদস্যদের সমিতি

# এসএসএস পরিচিতি

- সূচনা, ভিশন ও মিশন
- উদ্দেশ্য, কর্মকৌশল ও প্রণালী
- নৈতিকতা, মূলনীতি ও আচরণবিধি
- মৌলিক কার্যক্রম
- অভীষ্ট জনগোষ্ঠী ও সুবিধাভোগী
- কতিপয় উল্লেখযোগ্য সূচক
- আইনগত সত্তা ও ভৌগোলিক ব্যাপ্তি
- উন্নয়ন সহযোগী ও নেটওয়ার্কিং সংস্থা



**ছবি:**
**এসএসএস পৌর-আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্রী**

# এসএসএস: কল্যাণ ও উন্নয়ন-বর্ধনে এক সৃজনশীল সংস্থা

*সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস) জাতীয়-পর্যায়ের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা। ১৯৮৬ সালে কতিপয় উদ্যমী ব্যক্তির মানবহিতৈষী নিরন্তর প্রচেষ্টায় এসএসএস প্রতিষ্ঠিত হয়। এগিয়ে চলে কল্যাণ ও জনবান্ধব কর্মকাণ্ডে। ক্রমান্বয়ে যুক্ত হয় সৃজনশীলতা ও বহুমাত্রিক কর্মকাণ্ড। এসএসএস-এর সকল পরিষেবা উন্নয়ন-বর্ধনে নিয়োজিত, সাধারণ জনগোষ্ঠীর উৎকর্ষ-সাধনে নিবেদিত।*

এসএসএস সূচনা-লগ্ন থেকে বিভিন্ন জনবান্ধব কর্মকাণ্ড বাস্তবায়নে আগুয়ান। সততা-নিষ্ঠা, উদ্ভাবনী ও মানবকেন্দ্রিক কর্মকাণ্ডে প্রাণবন্ত। সংস্থার পরিবারভিত্তিক অন্তর্ভুক্তিমূলক পরিষেবা সম্পদ ও সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে। ফলে, সম্পদ ও সক্ষমতা উৎপাদনমুখী হচ্ছে। সাধারণ জনগোষ্ঠীর স্থিতিশীল কর্মসংস্থান তৈরিসহ জীবনমান বৃদ্ধি পাচ্ছে।

তিন যুগেরও বেশি সময় ধরে, এসএসএস-এর অগ্রযাত্রা চলমান। গতিশীল এই ধারায়, দারিদ্র্য দূরীকরণ ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সংস্থা উৎকৃষ্ট কলাকৌশল অন্বেষণ করে যাচ্ছে। গৃহীত ও প্রবর্তিত ঐ-সকল কর্মপ্রণালী অর্থনৈতিক কর্মকাণ্ড, মানবসম্পদ উন্নয়ন, ক্ষমতায়ন, নেতৃত্ব, বাজার সম্প্রসারণ ও কাঠামোগত উন্নয়নে আমূল পরিবর্তন আনয়ন করে চলছে। অগ্রগামী এ-সকল কর্মকাণ্ড সংস্থাকে বিশেষ বৈশিষ্ট্যে অলঙ্কৃত করছে।



# ভিশন

সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন সাধনের মাধ্যমে সমাজে ন্যায়বিচার ও শান্তি প্রতিষ্ঠা করা।

# মিশন

অভীষ্ট জনগোষ্ঠীকে সুসংগঠিতকরণ, মানবসম্পদ উন্নয়নে বস্তুনিষ্ঠ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন, সম্পদ-সক্ষমতা ও সম্ভাবনার সর্বোচ্চ বিকল্প ব্যবহার, অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবাপরিষেবা প্রদান এবং পরিবার ও সমাজের স্থিতিশীল উন্নয়ন নিশ্চিতকরণ।

# উদ্দেশ্য



১. জনসাধারণকে আর্থসামাজিক উন্নয়নে সুসংগঠিত ও উদ্বুদ্ধ করা;

২. খাদ্যপুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সচেতন করা, চিকিৎসাসেবা প্রদান ও অপুষ্টি দূর করা;

৩. নিরাপদ নলকূপ ও স্যানিটেশন ব্যবস্থা স্থাপনে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান;

৪. নির্যাতন, যৌতুক, অকারণে তালাক ও বহুবিবাহ প্রতিরোধে নারীদের উদ্বুদ্ধ করা এবং তাদের ক্ষমতায়ন নিশ্চিত করা;

৫. বাল্যবিবাহ, কিশোর অপরাধ ও অসামাজিক কার্যকলাপ প্রতিহত করতে কল্যাণধর্মী বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা;

৬. অনাথ শিশু, প্রবীণ ও অসহায় ব্যক্তিদের পুনর্বাসনের ব্যবস্থা এবং সমাজ হতে ভিক্ষাবৃত্তি নির্মূল করা;

৭. শিশু-কিশোরদের বিদ্যালয়মুখী করা, শিশু অধিকার প্রতিষ্ঠা এবং গরিব মেধাবীদের শিক্ষার ব্যবস্থা করা;

৮. আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে আর্থিক সেবাপরিষেবা প্রদান এবং দারিদ্র্য বিমোচন করা;

৯. স্ব-কর্মসংস্থান ও মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টিতে নারী-পুরুষ নির্বিশেষে সকলের দক্ষতা বৃদ্ধি করা;

১০. পরিবেশ সংরক্ষণ, পরিবেশবান্ধব কার্যক্রম বাস্তবায়ন এবং

১১. দুর্যোগোত্তর ত্রাণ ও পুনর্বাসনের ব্যবস্থা করা।

# কর্মকৌশল

সংস্থার উন্নয়ন কৌশল হলো: অভীষ্ট পরিবারসমূহে স্থিতিশীল আয় ও জীবিকার উন্নয়নে সম্পদ ও সম্ভাবনার সর্বোচ্চ বিকল্প ব্যবহার নিশ্চিত করা, যা পর্যায়ক্রমে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর ক্ষমতায়ন, শান্তি ও ন্যায়নীতি-সম্পন্ন সমাজ প্রতিষ্ঠা করবে।

# কর্ম প্রণালী

এসএসএস-এর নির্ধারিত উদ্দেশ্যসমূহ অর্জনে: অসংগঠিত জনগোষ্ঠীকে সংগঠিত করা; সমিতিভিত্তিক ব্যবস্থাপনায় তাদেরকে জীবন ও জীবিকা, পরিবেশ-পরিস্থিতি, আর্থসামাজিক প্রেক্ষাপট ইত্যাদি সম্পর্কে সচেতন করা; শৃঙ্খলা প্রতিষ্ঠা করা, স্বাস্থ্য-পুষ্টি, স্বাস্থ্যবিধি, শিক্ষা, সামাজিক ও আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা; দক্ষ মানবসম্পদ ও মানবমূলধন তৈরি করা; স্থিতিশীল আয় ও জীবিকার ব্যবস্থা করা; স্ব-কর্মসংস্থান ও মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টিতে উদ্যোগ ও প্রযুক্তির সম্প্রসারণ করা; অন্তর্ভুক্তিমূলক আর্থিক পরিষেবা ও কারিগরি সহায়তা প্রদান করা; মূলধন সংগ্রহকরণ ও যথার্থ ব্যবহার নিশ্চিত করা; উন্নয়ন সম্প্রসারণে গবেষণা, উদ্ভাবন ও অনুসন্ধান পরিচালনা করা ইত্যাদি পন্থা অনুসৃত।

# নৈতিকতা ও মূলনীতি

- উন্নয়নে বাস্তবসম্মত ও জনকেন্দ্রিক পদ্ধতি;
- কর্ম বাস্তবায়নে সততা, অন্তর্ভুক্তিমূলক ও সৃজনশীলতা;
- কর্মকাণ্ডে মিতব্যয়, দক্ষতা, কার্যকারিতা ও পরিবেশ-বান্ধব ব্যবস্থা;
- কর্মপরিবেশে সুস্বাস্থ্য, স্বাস্থ্যবিধি, নিরাপত্তা ও কর্মী-বান্ধব পরিবেশ;
- সিদ্ধান্ত গ্রহণ ও দায়িত্ব-কর্তব্যে গণতন্ত্র, জবাবদিহিতা, স্বচ্ছতা, পেশাদারিত্ব ও বিচক্ষণতা।

# আচরণবিধি

- সর্বধর্ম, সংস্কৃতি ও লিঙ্গের প্রতি সমান সম্মান প্রদর্শন;
- সংস্থার ভিশন, মিশন, উদ্দেশ্য, নীতি ও কর্মপদ্ধতি এবং গোপনীয়তায় প্রতিশ্রুতিবদ্ধতা;
- কর্মীদের মধ্যে পারস্পরিক বিশ্বাস, দলবদ্ধ-কর্মসম্পাদন;
- সহযোগিতার মানসিকতা ও সমান-সুযোগ;
- ইতিবাচক নেতৃত্ব, মনোভাব ও সময়ানুবর্তিতা;
- সর্বক্ষেত্রে শৃঙ্খলা ও নিয়মের প্রতি আনুগত্য প্রদর্শন।

# মৌলিক কার্যক্রম

- মানবসম্পদ উন্নয়ন
- প্রশিক্ষণ
- গবেষণা ও উন্নয়ন

- আর্থিক পরিষেবা
- কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন
- উদ্যোক্তা উন্নয়ন
- সমৃদ্ধি
- অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন (নেম)
- নিরাপদ কৃষি ও খাদ্য উৎপাদন

- স্বাস্থ্যসেবা
- প্রাথমিক স্বাস্থ্যসেবা

- দুর্যোগ ব্যবস্থাপনা
- অ্যাডভোকেসি ও নেটওয়ার্কিং

- সামাজিক উন্নয়ন ও কল্যাণ
- সাংস্কৃতিক-ক্রীড়া ও কৈশোর উন্নয়ন

- শিক্ষা ও শিশু উন্নয়ন
- কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ
- পলিটেকনিক ইনস্টিটিউট
- শিক্ষাবৃত্তি



# অভীষ্ট জনগোষ্ঠী ও সুবিধাভোগী

*কর্মএলাকার সুবিধাবঞ্চিত কিন্তু নিজের মঙ্গলবর্ধনে সচেষ্ট জনসাধারণ এসএসএস-এর অভীষ্ট জনগোষ্ঠী। সংস্থা পরিবারভিত্তিক উন্নয়ন দর্শনে বিশ্বাসী। কেননা, সমাজের মৌলিক পরিবর্তনে প্রতিটি পরিবার মুখ্য একক। সমাজের শিশু-কিশোর, যুবসমাজ, নারী-পুরুষ ও প্রবীণ সবাই ভিন্ন ক্ষেত্রে সংস্থার উন্নয়ন সদস্য (সুবিধাভোগী) হতে পারে।*





ছবি: এসএসএস হাসপাতালে একজন প্রসূতি মায়ের চিকিৎসাসেবা গ্রহণ

## নারীর অংশগ্রহণ

মোট উন্নয়ন সদস্যের **৯৭.৩১% নারী**




## ঋণ গ্রহীতা





## কর্মী সংখ্যা

# মোট ৬,৯৮৪ জন

৩০ জুন ২০২৪ পর্যন্ত সংস্থায় মোট ৬,৯৮৪ জন নিয়োজিত রয়েছেন। এদের মধ্যে ৫,৩৪৭ জন পুরুষ কর্মী এবং অবশিষ্ট ১,৬৩৭ জন নারী।




*এসএসএস-এর উন্নয়নের অন্যতম অনুষঙ্গ হলো--কর্মসংস্থান সৃজন ও নারীর ক্ষমতায়ন। অন্যদিকে এসএসএস চাকরির ক্ষেত্রে নারী ও পুরুষ উভয় ক্ষেত্রে সমান সুযোগ প্রদান করে।*



ছবি: এসএসএস-এর একজন মাঠকর্মী

**ঋণ বিতরণ**
**৮,০৩০.৬৮ কোটি টাকা**

**ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ**
**৪৯,৩৩৯.০৯ কোটি টাকা**

**ঋণ গ্রহীতার সংখ্যা**
**৮,২৭,৫৭৭ জন**

**সঞ্চয়স্থিতি**
**২,২৭১.৭৩ কোটি টাকা**

**ঋণস্থিতি**
**৪,২০৬.৩০ কোটি টাকা**

**ঋণ আদায়ের হার**
**৯৭.০০%**



ছবিঃ একজন নারী উদ্যোক্তাকে চেকের মাধ্যমে ঋণ বিতরণ



উদ্যোক্তা:
২,৩৬,৭৮৫ জন

উদ্যোক্তা ঋণ বিতরণ:
৩,২১৭.০৫ কোটি টাকা

উদ্যোক্তা ঋণস্থিতি:
১,৮৯৪.০৫ কোটি টাকা

সঞ্চয়-ঋণস্থিতি
অনুপাত: ৫৪.%

ঋণী-সদস্য অনুপাত:
৭৭.৫০%

ঋণ-ইক্যুইটি
অনুপাত: ২.৩৯:১

এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুল: ১টি

এসএসএস সোনার বাংলা চিলড্রেন হোম: ১টি

গৃহকর্মে নিয়োজিত শিশুদের শিক্ষা কেন্দ্র (সংখ্যা): ৮টি

কারিগরি ও কর্মমুখী শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট: ১টি

এসএসএস বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট: ১টি

রেস্ট হাউস: ১টি



এসএসএস জেনারেল হাসপাতাল: ১টি

এসএসএস চক্ষু হাসপাতাল: ১টি

প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র: ৪৩টি



# ভৌগোলিক ব্যাপ্তি

জেলা: ৫০টি
উপজেলা: ৩৭১টি

ইউনিয়ন: ৬,২২১টি
গ্রাম: ২৭,২৬৮টি



জোন অফিস: ২১টি
এরিয়া অফিস: ১০৬টি

শাখা অফিস: ৬৫৮টি

# আইনগত সত্তা ও নিবন্ধন

১. এনজিও-বিষয়ক ব্যুরো [রেজিস্ট্রেশন নং: ৩৪৫, তারিখ: ৩০-০১-১৯৯০]

২. জয়েন্ট স্টক কোম্পানিস ও ফার্মস, বাংলাদেশ [রেজিস্ট্রেশন নং: এস-৩৫৭৬(৩৬৫)/২০০৪]

৩. মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) [লাইসেন্স নং: ০০৬৪৫-০১০০২-০০০২৫, তারিখ: ০৫-০৯-২০০৭]

৪. সমাজসেবা অধিদপ্তর, টাঙ্গাইল [রেজিস্ট্রেশন নং: ট-০২১৩, তারিখ: ০২-০২-১৯৮৭]



# উন্নয়ন সহযোগী সংস্থা

- এশিয়া পার্টনারশিপ ফর হিউম্যান ডেভেলপমেন্ট (এপিএইচডি)
- সেভ দ্যা চিলড্রেন-ইউএসএ
- সেভ দ্যা চিলড্রেন-অস্ট্রেলিয়া
- কানাডিয়ান হাইকমিশন
- সিবিমো নেদারল্যান্ডস
- ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন (এফএও)
- অ্যাসবে  শ্রীলংকা
- রাড্ডা বার্নেন
- গ্রুপ ডেভেলপমেন্ট ইন্ডিয়া
- কেয়ার বাংলাদেশ
- কনসার্ন বাংলাদেশ
- ইউএসসিবি কানাডা
- ইনাফি-বাংলাদেশ ও এশিয়া
- পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
- স্ট্রমি ফাউন্ডেশন বাংলাদেশ
- এনজিও ফোরাম ফর পাবলিক হেল্থ
- টেরে ডেশ হোমস (টিডিএইচ)-নেদারল্যান্ডস
- ড্যানিশ ইন্টারন্যাশনাল ডেভেলোপমেন্ট এজেন্সি (ড্যানিডা)
- উইনরক ইন্টারন্যাশনাল
- ইউনাইটেড ন্যাশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি)
- ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (ইফাদ)
- ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ডিএফআইডি)
- জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)
- ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (আইএলও)
- চাইল্ড লেবার এলিমিনেশন এক্শন নেটওয়ার্ক
- বিশ্ব ব্যাংক
- বাংলাদেশ ব্যাংক
- ইস্টার্ন ব্যাংক লিমিটেড
- স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিমিটেড
- এনসিসি ব্যাংক লিমিটেড
- ব্যাংক আলফালাহ্ লিমিটেড
- প্রাইম ব্যাংক লিমিটেড
- ব্র্যাক ব্যাংক লিমিটেড
- সিটি ব্যাংক লিমিটেড
- পূবালী ব্যাংক লিমিটেড
- ঢাকা ব্যাংক লিমিটেড
- ওয়ান ব্যাংক লিমিটেড
- হাবিব ব্যাংক লিমিটেড
- আইপিডিসি ফাইনান্স লিমিটেড

# নেটওয়ার্কিং সংস্থা

- ফেডারেশন অব এনজিওস ইন বাংলাদেশ (এফএনবি)
- বাংলাদেশ শিশু অধিকার ফোরাম
- ক্রেডিট অ্যান্ড ডেভেলপমেন্ট ফোরাম (সিডিএফ)
- গণসাক্ষরতা অভিযান
- ইনাফি-বাংলাদেশ ও এশিয়া



# পরিচালনা ও সুশাসনের রূপরেখা




**অন্যান্য কমিটি--সংস্থার সিটিজেন চার্টারে উল্লিখিত তথ্য-উপাত্ত ও সেবাপরিষেবা প্রদানে অযথা বিলম্বিত করা, গুরুত্ব না-দেওয়া, অশালীন আচরণ করা, উর্ধ্বতন কর্মকর্তার কর্মীদের প্রতি অশোভন আচরণ ও অত্যাচার করা, কর্মীদের উন্নয়ন-সদস্যদের প্রতি অপেশাদার আচারণ ও অর্থ আত্মসাৎ, নারী নির্যাতন, যৌন হয়রানী ও নিপীড়ন ইত্যাদি বিষয়ে সংস্থার প্রধান কার্যালয়-ভিত্তিক একাধিক কমিটি বিদ্যমান।*

# এসএসএস-এর শীর্ষ ব্যবস্থাপনা



এসএসএস-এর
নির্বাহী পরিচালক ও
প্রতিষ্ঠাতা
আব্দুল হামিদ ভূইয়া

# এসএসএস-এর বিভাগসমূহ

*এসএসএস-এর কর্মযজ্ঞ বাস্তবায়নে বেশ কয়েকটি বিভাগ ও উপবিভাগ নিয়োজিত। সংস্থার মুখ্য বিভাগ ও সেকশনসমূহের মধ্যে--কার্যক্রম (আর্থিক পরিষেবা), মানবসম্পদ, প্রশাসন, অর্থ ও হিসাব, প্রশিক্ষণ, আন্তঃনিরীক্ষা, তথ্য-প্রযুক্তি, স্বাস্থ্যসেবা, শিক্ষা ও শিশু উন্নয়ন, গবেষণা ও প্রকাশনা প্রভৃতি বিভাগ উল্লেখযোগ্য।*



# এসএসএস-এর বিগত ১৫ বছর: ক্রমবিকাশের পঞ্জি

## ২০২৩-২৪

- কর্মএলাকা সম্প্রসারণ ৫০টি জেলায়।
- মোট শাখা অফিস ৬৫৮টি।
- কর্মী সংখ্যা ৬,৯৮৪ জন।
- উন্নয়ন-সদস্য ১০,৯১,৮৮৬ জন।
- ঋণ বিতরণ ৮,০৩০.৬৮ কোটি টাকা।

ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪৯,৬০৬.৬৪ কোটি টাকা।

## ২০২২-২৩

- কর্মএলাকা সম্প্রসারণ ৪৩টি জেলায়।
- মোট শাখা অফিস ৫৮৩টি।
- কর্মী সংখ্যা ৬,৩৯১ জন।
- উন্নয়ন-সদস্য ১০,৫২,১৮৮ জন।
- ঋণ বিতরণ ৭,৯৯৩.৪৭ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪১,৫৭৫.৯৬ কোটি টাকা।

## ২০২১-২২

- কর্মএলাকা সম্প্রসারণ ৪২টি জেলায়।
- মোট শাখা অফিস ৫৫১টি।
- কর্মী সংখ্যা ৫,৯৯১জন।
- উন্নয়ন-সদস্য ৯,৪৯,৪৫৭ জন।
- ঋণ বিতরণ ৬,১৯৪.৪৪ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩৩,৫৮২.৪৮ কোটি টাকা।



## ২০২০-২১

- কর্ম জেলা: ৩৫টি।
- শাখা অফিস ৪৩৮টি।
- কর্মী: ৫,০৪৪ জন।
- সদস্য: ৭,৭০,০৪৪ জন।
- ঋণ বিতরণ ৪,২৭৪.৭০ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২৭,৩৮৮.০৪ কোটি টাকা।

## ২০১৯-২০

- কর্ম জেলা: ৩২টি
- মোট শাখা ৪০৮টি।
- কর্মী: ৪,৫০০ জন।
- উন্নয়ন-সদস্য ৬,৮১,১০৪ জন।
- ঋণ বিতরণ ৩,৫২৩.১৩ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২৩,১১৩.৩৪ কোটি টাকা।

## ২০১৮-১৯

- কর্ম জেলা: ৩১টি
- মোট শাখা ৩৫৩টি।
- কর্মী: ৪,০৪৪ জন।
- উন্নয়ন-সদস্য ৬,৪৪,৪৫৩ জন।
- ঋণ বিতরণ ৩,৩৫৪.১৭ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৯,৫৯০.২১ কোটি টাকা।

## ২০১৭-১৮

- কর্ম জেলা: ৩১টি
- মোট শাখা ৩৫৩টি।
- কর্মী: ৩,৩৮৬ জন।
- সদস্য ৬,২৬,৬৩১ জন।
- ঋণ বিতরণ ২,৭৫২.১৫ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৬,২৩৬.০৪ কোটি টাকা।



## ২০১৬–১৭

- কর্ম জেলা: ৩১টি
- মোট শাখা ৩৩১টি।
- কর্মী: ৩,১৬২ জন।
- সদস্য ৫,৮৮,৩৭৭ জন।
- ঋণ বিতরণ ২,৭৬২.৫০ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৩,৪৭৩.৫৪ কোটি টাকা।

## ২০১৫–১৬

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ৩০৫টি।
- কর্মী: ৩,০২৭ জন।
- সদস্য ৫,৪৬,১২৬ জন।
- ঋণ বিতরণ ১,৯৬৯.৫০ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১১,৫০৪.০৪ কোটি টাকা।

## ২০১৪–১৫

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২৫৫টি।
- কর্মী: ২,৬৫২ জন।
- সদস্য ৪,৮৪,৩২৫ জন।
- ঋণ বিতরণ ১,৫১৫.৪০ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৯,৯৮৮.৬৪ কোটি টাকা।

## ২০১৩–১৪

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২২৭টি।
- কর্মী: ২,৪৮৭ জন।
- সদস্য ৪,৬১,২৭৮ জন।
- ঋণ বিতরণ ১,২৩৯.৮৮ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৮,৪৭৩.২৪ কোটি টাকা।



## ২০১২-১৩

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২২৫টি।
- কর্মী: ২,৪৪৮জন।
- সদস্য ৪,৪৩,৫১৬ জন।
- ঋণ বিতরণ ১,২৩০.৬৪ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৭,২৩৩.৮৮ কোটি টাকা।

## ২০১১-১২

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২০৯টি।
- কর্মী: ২,২২০জন।
- সদস্য ৪,২৩,৩৬৭ জন।
- ঋণ বিতরণ ৯৪৬.৫৪ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৬,০০২.৭২ কোটি টাকা।

## ২০১০-১১

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২০৬টি।
- কর্মী: ২,১৩৮জন।
- সদস্য ৪,০১,০১৯ জন।
- ঋণ বিতরণ ৭২৩.৪১ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫,২৭৯.৩১ কোটি টাকা।

## ২০০৯-১০

- কর্ম জেলা: ২৭টি
- মোট শাখা ২০৩টি।
- কর্মী: ২,১৪৪ জন।
- সদস্য ৩,৪৮,১৮৭ জন।
- ঋণ বিতরণ ৫৫৪.২০ কোটি টাকা।
- ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪,৫৫৫.৮৯ কোটি টাকা।

# এসএসএস-এর কর্মসূচি

আর্থসামাজিক উন্নয়ন ও মানবতার বুনিয়াদ প্রতিষ্ঠা হলো--সংস্থার মূল কেন্দ্রবিন্দু। সংস্থার উদ্যম ও সঞ্জীবিত প্রচেষ্টায় সৃজন হয়েছে অন্তর্ভুক্তিমূলক বিভিন্ন সেব-পরিষেবা। এসএসএস-এর চলমান মুখ্য কর্মসূচিসমূহ পাশে তুলে ধরা হলো:

- অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি
- সামাজিক উন্নয়ন কর্মসূচি
- সম্ভাবনা ও সক্ষমতার উন্নয়ন



# অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি

- ঋণ কার্যক্রম
- সঞ্চয় কার্যক্রম
- ঋণের প্রোডাক্টসমূহ
- ঋণ কার্যক্রম-সংশ্লিষ্ট প্রকল্প ও কর্মসূচি
- সমৃদ্ধি কর্মসূচি
- কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন
- অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন কর্মসূচি
- কৃষি সম্প্রসারণ কর্মসূচি
- মধুপুর অঞ্চলে নিরাপদ আনারসচাষ প্রকল্প
- আরএমটিপি
- প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচি
- পেস প্রকল্প
- হাঁসমুরগি ও গবাদিপশুর উন্নয়ন কার্যক্রম
- সুরক্ষা তহবিল কর্মসূচি
- রেমিটেন্স ট্রান্সফার কার্যক্রম



# ঋণ কার্যক্রম

সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থসামজিক ইতিবাচক পরিবর্তন অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর নির্ভরশীল। এসএসএস সূচনা-লগ্ন থেকে সুবিধাবঞ্চিত মানুষের উন্নয়নে অর্থনৈতিক উন্নয়নে বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এরমধ্যে দারিদ্র্য দূরীকরণের মৌলিক উপায় হিসেবে ক্ষুদ্রঋণ কর্মসূচি অন্যতম। এসএসএস ১৯৯১ সালে ঋণ কর্মসূচি (ঋণ, সঞ্চয়, সুরক্ষা ও বৈদেশিক মুদ্রা স্থানান্তর কার্যক্রম) বাস্তবায়ন শুরু করে। এই কর্মসূচির বিশেষত্ব--সুবিধাবঞ্চিত পরিবারে জামানত ছাড়াই ঋণ প্রদান করা। এছাড়াও দেওয়া হয় কারিগরি ও প্রশিক্ষণ-বিষয়ক পরিষেবা। তারা গৃহীত ঋণ ও পরিষেবা সম্পদ-সক্ষমতার সর্বোচ্চ ব্যবহারে বিনিয়োগ করে। ফলে, প্রান্তিক-স্তরে আয় ও জীবনমান ক্রমশই বৃদ্ধি পাচ্ছে।

## বছরভিত্তিক সদস্য ও ঋণ গ্রাহক বৃদ্ধি




## বছরভিত্তিক (পাঁচ বছর) ঋণ বিতরণ ও স্থিতি



# সঞ্চয় কর্মসূচি

*এসএসএস-এর উন্নয়ন পদ্ধতির অন্যতম এক অনুষঙ্গ হলো: সমিতিভুক্ত জনগোষ্ঠীকে সঞ্চয় জমানোর জন্য উৎসাহিত করা। উন্নয়ন-সদস্যগণের চাহিদা ও আর্থিক অবস্থা বিচারে এসএসএস-এর সঞ্চয় প্রোডাক্টসমূহ ডিজাইন করা হয়েছে। বর্তমানে সংস্থার তিন ধরনের সঞ্চয়--সাধারণ, স্বেচ্ছা ও মেয়াদি সঞ্চয় কার্যক্রম চলমান রয়েছে।*

**সাধারণ সঞ্চয়**

৩০ জুন ২০২৪ প্রান্তে
১,১৮৭.৯২ কোটি টাকা

**স্বেচ্ছা সঞ্চয়**

৩০ জুন ২০২৪ প্রান্তে
৪৯৪.৮১ কোটি টাকা

**মেয়াদি সঞ্চয়**

৩০ জুন ২০২৪ প্রান্তে
৫৮৯.০০ কোটি টাকা

৩০ জুন ২০২৪, সংস্থার সঞ্চয়স্থিতি দাঁড়িয়েছে **২,২৭১.৭৩ কোটি টাকা**। প্রতিবেদনে উল্লিখিত সময়ে সঞ্চয়ের প্রবৃদ্ধি অর্জিত হয়েছে **১৩.২১ শতাংশ**।

## বছরভিত্তিক সঞ্চয়স্থিতি (পাঁচ বছরের)




*উন্নয়ন-সদস্যগণ নিয়মিত সঞ্চয় ও সংস্থা হতে গৃহীত ঋণ বিনিয়োগ করে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সক্ষম হচ্ছেন। অনেকে ক্ষুদ্র উদ্যোক্তা হতে মাঝারি উদ্যোক্তায় রূপান্তর হয়েছেন।*

# ঋণের প্রোডাক্টসমূহ

**জাগরণ**

বাস্তবায়ন শুরু: ১৯৯১ সালে

এই ঋণ প্রোডাক্টটি দরিদ্র ও নিম্ন-মধ্যবিত্ত পরিবারসমূহের জন্য রূপায়িত।

মৌলিক উদ্দেশ্য: অভীষ্ট পরিবারে অর্থনৈতিক উন্নয়ন জাগ্রত করা।

**অগ্রসর**

বাস্তবায়ন শুরু: ২০০২ সালে

এটি ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য একটি বিশেষ ঋণ প্রোডাক্ট।

মূল উদ্দেশ্য হলো: ক্ষুদ্র উদ্যোগের উন্নয়নের মাধ্যমে মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি করা।

**সুফলন**

বাস্তবায়ন শুরু: ২০০৬ সালে

কৃষক পরিবারে মৌসুমভিত্তিক প্রয়োজনীয় চাষাবাদ ক্রিয়াশীল রাখতে সুফলন ঋণ প্রদান করা হয়।

এই ঋণের বিশেষত্ব হলো: গৃহীত ঋণের টাকা পণ্য উৎপাদন বা বিক্রয়ের পর এককালীন পরিশোধ করতে হয়।

**বুনিয়াদ**

বাস্তবায়ন শুরু: ২০০১ সালে

দারিদ্র্য-পীড়িত পরিবারে অর্থনৈতিক কর্মকাণ্ডের সূচনা হওয়ার জন্য এই ঋণ দেওয়া হয়।

মুখ্য উদ্দেশ্য হলো: অতিদরিদ্র জনগোষ্ঠীকে আর্থিক পরিষেবার অন্তর্ভুক্ত করা।

**সাহস**

বাস্তবায়ন শুরু: ২০০৭ সালে

দুর্যোগে আক্রান্ত দলীয় সদস্যগণকে অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত রাখতে এ ঋণ দেওয়া হয়।

বিশেষত্ব: সেবা মূল্য ক্রমহ্রাসমান পদ্ধতিতে বার্ষিক আট শতাংশ টাকা। ঋণের মেয়াদ দুর্যোগ ও ক্ষয়ক্ষতির প্রকৃতিভেদে সর্বোচ্চ দুবছর পর্যন্ত।

ছবি: এসএসএস-এর মাঠ-পর্যায়ের নিবেদিত কর্মীদের একাংশ



বাস্তবায়ন শুরু: ১৯৯২ সালে

### স্যানিটেশন

উন্নয়ন সদস্যদেরকে টিউবয়েল স্থাপন ও স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণে এ ঋণ দেওয়া হয়।

অভীষ্ট পরিবারে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা এই ঋণের মুখ্য উদ্দেশ্য।

### প্রকল্পভিত্তিক ঋণ

নির্ধারিত প্রকল্প বাস্তবায়নে এ ঋণ দেওয়া হয়।

সমৃদ্ধি কর্মসূচি, কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচি, পেস প্রকল্প, অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন কর্মসূচি, অঞ্চলের আনারসের গুণগতমান উন্নয়ন প্রকল্প গ্রামীণ ক্ষুদ্র-উদ্যোগ সম্প্রসারণ প্রকল্প (আরএমটিপি) ইত্যাদি।

### বিবিধ ঋণ

সদস্যদের চাহিদা ও সক্ষমতার আলোকে বিভিন্ন ঋণ রূপায়ন করা।

উপর্যুক্ত ঋণ প্রোডাক্ট ছাড়াও চাকরিজীবী, বিশেষ, নবান্ন, জীবিকার পুনর্বাসন, রিফাইনান্সিং, প্রারম্ভিক মূলধন, স্যানিটেশন ইত্যাদি সহায়ক ঋণ প্রোডাক্টসমূহ সংস্থায় বিদ্যমান। একটি পরিবারের একটি প্রধান ঋণসহ অন্যান্য একাধিক ঋণ গ্রহণের সুযোগ রয়েছে। তবে এক্ষেত্রে প্রয়োজন ও সক্ষমতার বিবেচ্য বিষয়। উল্লেখ্য, সংস্থার পরিচালিত ঋণ আদায়ের পদ্ধতিগুলো হলো সাপ্তাহিক, মাসিক, বাৎসরিক ও এককালীন।

# প্রোডাক্টভিত্তিক ঋণ বিতরণ ও স্থিতি

## ২০২৩-২৪ অর্থবছর






■ ঋণ বিতরণ: ৩,৪১৬.৮৪ কোটি টাকা
■ ঋণস্থিতি: ১,৮০০.৮৮ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ৩,২১০.৩৮ কোটি টাকা
■ ঋণস্থিতি: ১,৮৮৯.৯০ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ১,১৯৬.২০ কোটি টাকা
■ ঋণস্থিতি: ৪২১.১৫ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ১৭.১১ কোটি টাকা
■ ঋণস্থিতি: ৮.২০ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ০০ কোটি টাকা
■ ঋণস্থিতি: ০০ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ৬.৫১ কোটি টাকা
■ ঋণস্থিতি: ২.৫১ কোটি টাকা




■ ঋণ বিতরণ: ১৮৩.৬৪ কোটি টাকা
■ ঋণস্থিতি: ৮৩.৬৬ কোটি টাকা

# খাতভিত্তিক অগ্রসর ঋণ বিতরণ (২০২৩-২৪)

| | |
|---|---|
| ছোট ও মাঝারি ব্যবসা: | ১,২৬৯.২৪ কোটি টাকা |
| প্রাণিসম্পদ: | ৬৮৮.৪৮ কোটি টাকা |
| বৈদেশিক কর্মসংস্থান: | ৩৯৫.২৫ কোটি টাকা |
| হস্ত ও কুটিরশিল্প: | ২৯১.৪০ কোটি টাকা |
| বাড়িনির্মাণ: | ২৩২.০৫ কোটি টাকা |
| পরিবহন: | ১৮৬.৪৫ কোটি টাকা |
| কৃষি: | ৬২.৩৩ কোটি টাকা |
| আইটি: | ৪৮.২৫ কোটি টাকা |
| মৎস্য: | ৪৮.২৫ কোটি টাকা |
| বিবিধ: | ৮.৫০ কোটি টাকা |




***অগ্রসর (উদ্যোক্তা) খাতে মোট বিতরণ:***
***৩,২১০.৮৪ কোটি টাকা***



# সুলাইমানঃ

## একজন স্বাবলম্বী ও উদ্যমী তরুণ



## সুলাইমান

মো. সুলাইমান হোসেন। বাড়ি--টাঙ্গাইল সদরের দাইন্যা গ্রামে। উদ্ভিদবিজ্ঞানে স্নাতকোত্তর শেষ করে শীর্ষস্থানীয় একটি ওষুধ কোম্পানিতে চাকরি শুরু করেন।

কিছুদিনের মধ্যে--বিভিন্ন বাধা ও সীমাবদ্ধতার জন্য সুলাইমান চাকরি ছেড়ে দেন। নিজে কিছু একটা করার চিন্তা করেন। চলে পৌত্রিক সূত্রে প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ বিকল্প ব্যবহারের চেষ্টা।

২০১৫ সালে (তার) স্ত্রী জেরিন এসএসএস হতে এক লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। নিজেদের জমানো টাকা ও গৃহীত ঋণ মাছচাষে বিনিয়োগ করেন। সুলাইমান ও জেরিন দৃঢ় মনোবলে এগিয়ে চলেন। এসএসএস হতে আয়বর্ধনমূলক একাধিক প্রশিক্ষণ গ্রহণ করেন। সম্পদ ও সক্ষমতা পরিপূর্ণভাবে নিয়োগ করেন। তাদের নিবেদিত প্রাণ ও নিরন্তর শ্রমে--আসে একের পর এক সফলতা।

উদ্যোগের সম্প্রসারণ ও বহুমুখীকরণে কাজ চলে। হয় নিজেদের সৃজনশীলতা ও বাজার চাহিদা বিচার বিশ্লেষণ। তারা মাছচাষের সাথে উন্নত জাতের মুরগি ও কবুতর পালন শুরু করেন। এরপর ড্রাগনফলের বাগান করেন। দেশি গাভীর খামার করেন। উদ্যোগে আরও সংশ্লিষ্ট হয়--নানান জাতের সৌখিন মোরগ-মুরগি ও কবুতর।

*তাদের এসএসএস হতে প্রতিবছর প্রয়োজনীয় পরিমাণ ঋণ গ্রহণ ও বিনিয়োগ বৃদ্ধি চলমান। বর্তমানে তাদের এসএসএস-এ ২২ লক্ষ টাকা ঋণ রয়েছে। মাছ, বিভিন্ন জাতের সৌখিন মুরগি ও কবুতর, একদিনের মুরগির বাচ্চা, দুধ, সবজি, ফলমূল ইত্যাদি বিক্রয় করে বছরে ২৫-৩০ লক্ষ টাকা নীট মুনাফা অর্জন হয়। তাদের খামারে দৈনিক ১০-১৫ জন কর্মী কাজ করে। রয়েছে নিজেস্ব পরিবহন ব্যবস্থা।*

*সুলাইমান ও জেরিন--পরিবারে রয়েছে দু মেয়ে ও এক ছেলে। মেয়ে দুটি স্কুলে অধ্যায়নরত। ছেলের বয়স সবেমাত্র ছয় মাস। তাদের উদ্যোগের পরিধি ও আয়ের সীমা ক্রমশই বৃদ্ধি পাচ্ছে। অনুকরণ করছে অনেকেই। সুলাইমান ও জেরিন ভবিষ্যতে আরও বড়কিছু করার স্বপ্ন দেখেন। স্বপ্ন বাস্তবায়নে: এসএসএস সর্বদাই তাদের পাশে রয়েছে, ভবিষ্যতেও থাকবে।*



এসএসএস-এর একজন উদ্যোক্তা সদস্যের মাশরুমচাষ

## বছরভিত্তিক (পাঁচ বছর) অগ্রসর ঋণ বিতরণ



## বছরভিত্তিক (পাঁচ বছর) সুফলন ঋণ বিতরণ




## খাতভিত্তিক সুফলন ঋণ বিতরণ (২০২৩-২৪)





এসএসএস-এর কৃষি সম্প্রসারণ
কর্মসূচির একজন উন্নয়ন-সদস্যের
বাণিজ্যিকভাবে লেবুরচাষ

## বছরভিত্তিক (পাঁচ বছর) বুনিয়াদ ঋণ বিতরণ




*বুনিয়াদ ঋণ কার্যক্রম হতে প্রতিবছর একটা বড় অংশ জাগরণ খাতে উত্তীর্ণ হচ্ছে। ফলে ক্রমশই এ খাতে ঋণ বিতরণ হ্রাস পাচ্ছে।*

## খাতভিত্তিক কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন ঋণ বিতরণ



# ঋণ কার্যক্রম-সংশ্লিষ্ট প্রকল্প ও কর্মসূচি

## সমৃদ্ধি কর্মসূচি

*সমৃদ্ধি হলো--দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি। কর্মসূচিটি দারিদ্র্য দূরীকরণে এক যুগোপযোগী প্রচেষ্টা। বিশেষ করে পরিবারভিত্তিক সম্পদ ও সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার, অন্তর্ভুক্তিমূলক আর্থিক ও কারিগরি পরিষেবা, খাদ্য-পুষ্টি ও স্বাস্থ্যসেবা, শিক্ষা, ক্রীড়া-সংস্কৃতি ও শিশু উন্নয়ন, অবকাঠামো ও পরিবেশগত উন্নয়ন, সামাজিক অবক্ষয় দূরীকরণ ইত্যাদি বিষয়ের সমন্বিত প্রয়োগ।*

এসএসএস ২০১০ সালের মার্চ-এর প্রথম দিকে এই কর্মসূচি বাস্তবায়ন শুরু করে। বর্তমানে কর্মসূচিটি টাঙ্গাইল সদর উপজেলার দাইন্যা ইউনিয়ন এবং গাজীপুরের কালিগঞ্জ উপজেলার বাহাদুরসাদী ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।

আয় বৃদ্ধিমূলক ঋণ, সম্পদ সৃষ্টি ঋণ ও জীবনমান উন্নয়ন খাতে ঋণ বিতরণ

২০২৩-২৪ অর্থবছরে:
২৮.৮৭ কোটি টাকা
এবং
৩০ জুন ২০২৪ পর্যন্ত:
১৮২.৮৫ কোটি টাকা

স্ট্যাটিক ও স্যাটেলাইট ক্লিনিক এবং ক্যাম্পের মাধ্যমে চিকিৎসাসেবা প্রদান

২০২৩-২৪ অর্থবছরে:
৪১,৪০৯ জন
এবং
৩০ জুন ২০২৪ পর্যন্ত:
৩,৪০,৩৬২ জনকে



সমৃদ্ধি কর্মসূচির একজন সুবিধাভোগীর ভার্মিকম্পোস্ট প্রক্রিয়াকরণ

**শিক্ষা ও শিশু উন্নয়ন (প্রাথমিক শিক্ষা)**

২০২৩-২৪ অর্থবছরে: ৮০০ জন ছাত্রছাত্রী এবং ৩০ জুন ২০২৪ পর্যন্ত: ১,৩৫২ জন ছাত্রছাত্রী

**অবকাঠামো ও সামাজিক উন্নয়ন মূলক কর্মকাণ্ড**

৩০ জুন ২০২৪ পর্যন্ত: কালভার্ট/ বাঁশের সাঁকো স্থাপন ও মেরামত--৩৭টি, টয়লেট স্থাপন--৯৪৬টি, টিউবওয়েল স্থাপন--৯০টি

**মানবসম্পদ উন্নয়ন ও সামাজিক অবক্ষয় দূরীকরণ**

৩০ জুন ২০২৪ পর্যন্ত: সমৃদ্ধিবাড়ি--১৪৮টি, আয়বর্ধনশীল কর্মকাণ্ডের প্রশিক্ষণ--২,২০০ জন, যুব প্রশিক্ষণ--১,৮০৯ জন ও ভিক্ষুক পূর্নবাসন--১৭ জন

**সবুজ অর্থনীতি, অনুদান ও বিবিধ উন্নয়নমূলক কার্যক্রম**

৩০ জুন ২০২৪ পর্যন্ত: শাক-সবজির বীজ ও গাছের চারা বিতরণ--৫,২৩১টি পরিবার, শস্য ও সবজি উৎপাদনে সহায়তা দান--৪,৩০৮টি পরিবার, ভার্মিকম্পোস্ট প্লান্ট স্থাপন ও উৎপাদনে সহায়তা দান--২,৩৭৯টি পরিবার, পোল্ট্রি মুরগির খামার স্থাপনে সহায়তা--৯১টি পরিবার, মাছচাষে সহায়তা--১৬৮টি পরিবার, বিবিধ বিষয়ে সহায়তা--৫০৪টি পরিবার



একটি পুষ্টি ক্যাম্পে একজন মা তার সন্তানকে খিচুরি খাওয়াচ্ছেন

# অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন কর্মসূচি

অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন কর্মসূচি সংস্থার উন্নয়ন প্রচেষ্টার এক নব-রূপ। এটি দারিদ্র্য দূরীকরণের মৌলিক নির্ণায়কসমূহের সমন্বিত প্রচেষ্টা ও কর্মপ্রণালীর আলোকে পরিকল্পিত। কার্যক্রমটি শুরু হয় ২০১২ সালে। কর্মসূচিটি বর্তমানে টাঙ্গাইল সদর উপজেলার ৯টি ইউনিয়নে সংস্থার ৮টি শাখায় বাস্তবায়িত হচ্ছে।

**ঋণ বিতরণ (কোটি টাকা)**

২০২৩-২৪ অর্থবছরে:
১৩৬.৮৮ কোটি টাকা
এবং
৩০ জুন ২০২৪ পর্যন্ত:
৭০১.২৪ কোটি টাকা

**স্বাস্থ্য-পুষ্টি সভা, প্রশিক্ষণ ও কর্মশালার এবং ক্যাম্পের আয়োজন**

২০২৩-২৪ অর্থবছরে:
স্বাস্থ্য-পুষ্টি সভা--১৬৪টি,
প্রশিক্ষণ ও কর্মশালার--২৫টি,
এবং পুষ্টি ক্যাম্প--৩১টি

**পুষ্টি-সহায়ক উপকরণ বিতরণ**

২০২৩-২৪ অর্থবছরে:
সবজির চারা--৩৬,৫১৪টি,
ফলের চারা--৫৭৮টি,
নিরাপদ কৃষি উপকরণ--১,৮৩৭টি,
প্রাণিসম্পদ টিকাদান ক্যাম্প--২৯টি

**পুষ্টি-স্তর পরীক্ষা ও চিকিৎসা প্রদান (শিশুর সংখ্যা)**

২০২৩-২৪ অর্থবছরে:
৩৩৮ জন শিশু
এবং
৩০ জুন ২০২৪ পর্যন্ত:
৪,৫৭৮ জন শিশু

**পুষ্টি-বিষয়ক সার্বিক সহায়তা প্রদান**

২০২৩-২৪ অর্থবছরে:
প্রাণিসম্পদ বিষয়ক
বাণিজ্যিক কৃষি খামার--১২৪টি,
পারিবারিক খামার--৩৮২টি,
ফলমূলের বাগান ও নার্সারি--৪২টি,
ঘাস উৎপাদন--১১২টি,
কম্পোস্ট প্লান্ট স্থাপন-৭০টি

**পুষ্টিবাড়ি (সংখ্যা)**

২০২৩-২৪ অর্থবছরে:
৩৯৭টি এবং
৩০ জুন ২০২৪ পর্যন্ত:
৪,৫৭৮টি

# কৃষি সম্প্রসারণ কর্মসূচি

এসএসএস সূচনা-লগ্ন থেকে কৃষি সম্প্রসারণ কর্মকাণ্ড পরিচালনা করে যাচ্ছে। সংস্থা এবিষয়ে দেশি-বিদেশি বহু দাতা সংস্থার অর্থায়নে বেশকিছু কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়ন করেছে। এই দীর্ঘ অভিজ্ঞতার আলোকে এসএসএস নিজস্ব অর্থায়নে ২০১৮-১৯ অর্থবছরে নতুন নিয়মে কৃষি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন শুরু করে। বর্তমানে সংস্থার মধুপুর, ভাইঘাট, গারোবাজার, ত্রিশাল, চুরখাই, আছিম, নান্দিনা, হাজীপুর, গোপালপুর, সখিপুর, বড়চওনা ও বাটাজোড় শাখায় এই কার্যক্রম পরিচালিত হচ্ছে। সদস্যবৃন্দকে আধুনিক কৃষি পদ্ধতি ও প্রযুক্তিতে অভ্যস্ত করা এবং উৎপাদন বৃদ্ধি করা হলো এই প্রকল্পের মূল লক্ষ্য।



প্রকল্পের প্রধান কর্মকাণ্ডসমূহ হলো: ট্রাইকো কম্পোস্ট উৎপাদন, ধান চাষে গুটি ইউরিয়ার ব্যবহার, বসতবাড়িতে সারাবছর সবজি ও ফলমূলের চাষ, বিষমুক্ত সবজি চাষে ফেরোমন ফাঁদ ব্যবহার, মানসম্মত ধানবীজ উৎপাদন ও সংরক্ষণ, নিরাপদ ফসল উৎপাদনে সমন্বিত শস্য ব্যবস্থাপনা, উচ্চ ফলনশীল নতুন জাতের প্রচলন প্রভৃতি। এছাড়াও রয়েছে প্রশিক্ষণ প্রদান, মাঠ দিবসের আয়োজন, সরেজমিন পরিদর্শন, উপকরণ ও প্রযুক্তি সহায়তা প্রদান, বিভিন্ন সভার আয়োজন ইত্যাদি।



৩০ জুন ২০২৪ পর্যন্ত ফল-মূলের প্রদর্শনীর আয়োজন--২০টি এবং ভার্মি/ট্রাইকো কম্পোস্ট প্ল্যান্টের প্রদর্শনী: ৫৪৭টি

হলুদ ট্র্যাপ বিতরণ--১০,১০০টি, উপকরণ (রিচার্জ, রিচার্জ এসডাব্লিউ, ভাইরাস জিরো ইত্যাদি) বিতরণ--১,৪০৯, উন্নতজাতের বীজ ও কৃষি উপকরণ বিতরণ--১,৩২০টি

সমিতি-পর্যায়ে বিষয়-ভিত্তিক আলোচনা সভা--৩৫৫টি, ফলমূল ও সবজির চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান--৬,৫১৩টি

মৃত্তিকা কার্ড অনুযায়ী সুষম সার ব্যবহারের প্রযুক্তি প্রদান--৪৯৮ জন, গুণগতমানের বীজ উৎপাদনে কৃষকদের সহায়তাদান--১৮০ জন, নিরাপদ কৃষিজ পণ্য বাজারজাতরণে সহায়তা দান--৩,৮৩৮ জন

বসতবাড়িত বাগান স্থাপন--৫,৬২৫টি, বাণিজ্যিক খামার স্থাপন--১৩২০টি

# মধুপুর অঞ্চলের আনারসের গুণগতমান উন্নয়ন প্রকল্প



উত্তম কৃষি কলাকৌশল অনুশীলনের মাধ্যমে মধুপুর অঞ্চলের আনারসের গুণগতমান উন্নয়ন (আইপিজিএপি) প্রকল্প হলোঃ এসইপি-এর একটি উপপ্রকল্প। এসএসএস ২৭ জুলাই ২০২০ প্রকল্পটি বাস্তবায়ন শুরু করে। পিকেএসএফ-এর অর্থায়নে এবং কারিগরি সহায়তায় এই কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। নিরাপদ আনারস উৎপাদন করা হলো এর মূল লক্ষ্যবস্তু। প্রকল্পটি সংস্থার মধুপুর অঞ্চলের মধুপুর, চাপড়ী, গারোবাজার ও জলছত্র শাখার মাধ্যমে বাস্তবায়িত হয়।

৩০ জুন ২০২৪ পর্যন্ত ১,২০০ জন চাষিকে ১১২.০৯ কোটি টাকা

**ঋণ বিতরণ**

৩০ জুন ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণ--৭৭টি, কর্মশালা--১৫টি এবং মাঠদিবস--১৬টি

**প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন**

৩০ জুন ২০২৪ পর্যন্ত ইকোলজিক্যাল--৫২টি, এমডি-২--১৯টি, হানি কুইন--২টি, নিরাপদ আনারসচাষ--১,১৪৮টি, ট্রাইকো কম্পোস্ট প্লান্ট--৯৫টি

**প্রদর্শনী খামার**

*পিকেএসএফ প্রকল্পটি ৩১ জানুয়ারি ২০২৪ সমাপ্ত ঘোষণা করে।*

**উপকরণ বিতরণ**

৩০ জুন ২০২৪ পর্যন্ত সরঞ্জাম--১,২০০টি পরিবার, পরিবেশ কার্ড--১,২০০টি, সাইন ও সিম্বল--২,০০০টি, ফার্স্ট এইড বক্স--১,২০০টি, পোস্টার--২,০০০টি

**কমিউনিটি বাথরুম ও টয়লেট স্থাপন**

৩০ জুন ২০২৪ পর্যন্ত কমিউনিটি বাথরুম ও টয়লেট স্থাপন--৩টি

**এনভায়রনমেন্ট ক্লাব**

৩০ জুন ২০২৪ পর্যন্ত এনভায়রনমেন্ট ক্লাব--১২

# গ্রামীণ ক্ষুদ্র-উদ্যোগ ট্রান্সফরমেশন প্রকল্প (আরএমটিপি)

গ্রামীণ ক্ষুদ্র-উদ্যোগ ট্রান্সফরমেশন প্রকল্পটি মূলত--গ্রামীণ মৌলিক অর্থনীতির আধুনিকায়ন ও ত্বরান্বিতকরণ বিষয়ক কার্যক্রম। এই প্রকল্পের অধীনে একটি উপপ্রকল্প: উচ্চমূল্যের ফল-ফসলের জাত সম্প্রসারণ ও বাজারজাতকরণ শীর্ষক ভ্যালু চেইন প্রকল্প। এসএসএস ১ ফেব্রুয়ারি ২০২২-এ উচ্চমূল্যের ফল-ফসলের জাত সম্প্রসারণ ও বাজারজাতকরণ ভ্যালু চেইন প্রকল্প গ্রহণ করে। অর্থায়নে ইফাদ ও ড্যানিডা এবং কারিগরি সহায়তায় রয়েছে পিকেএসএফ। প্রকল্পটির লক্ষ্য হলো: প্রান্তিক কৃষকপরিবার ও ক্ষুদ্র-উদ্যোক্তাদের আয় বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পারিবারিক পুষ্টি উন্নয়ন। ময়মনসিংহ জেলার ফুল বাড়িয়া ও ভালুকা এবং টাঙ্গাইল জেলার মধুপুর ও ঘাটাইল উপজেলা প্রকল্পটির কর্ম-অঞ্চল হিসেবে নির্ধারিত। এই কার্যক্রমে উচ্চমূল্যের ফল-ফসল হিসেবে: এমডি-২ আনারস, জি-৯ কলা, কফি, বিশেষ লেবু, লিচু ও কাঁঠাল, রাম্বুটান, হলুদ মাল্টা ইত্যাদি নির্বাচিত।




আরএমটিপি-র অধীনে উৎপাদিত ফলসমূহ একটি প্রদর্শনীতে দেখনো হচ্ছে



# প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচি

## পেস প্রকল্প

প্রাণিসম্পদ উন্নয়ন কার্যক্রমের মধ্যে পেস অন্যতম। এটি গাভিপালন বিষয়ে এক বিশেষ প্রকল্প। ইংরেজিতে PACE: Promoting Agricultural Commercialization and Enterprises। কার্যক্রমটি মূলতঃ চরাঞ্চলে গাভিপালনের মাধ্যমে উদ্যোক্তাদের আয়বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি-বিষয়ক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প। সংস্থা জুলাই ২০১৫-এ প্রকল্পটি বাস্তবায়ন শুরু করে। উদ্যোক্তাদের আয় বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং জাতীয়-পর্যায়ের দুধের বর্তমান এবং ভবিষ্যৎ ঘাটতি হ্রাস করা-ই হলো এর মূল লক্ষ্যবিন্দু। বাস্তবায়িত হচ্ছে টাঙ্গাইলের পাঁচটি উপজেলার ১৫টি শাখায়। প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২০ পিকেএসএফ সমাপ্ত করে দেয়। এরপর থেকে সংস্থা নিজস্ব অর্থায়নে প্রকল্পটির কার্যক্রম চলমান রেখেছে।

২০২৩-২৪ অর্থবছরে গাভীপালন: ১৫,০০০ জন

গোয়ালঘর স্থাপন (পাঁকা): ১,০৫০টি

উন্নত জাতের গাভী ও বকনা ক্রয়--৪,০৪৫টি



প্রশিক্ষণ প্রদান (গাভীপালন পালন): ৩,২৫০ জন

কৃত্রিম প্রজনন: ৭,২৮০ জন, ক্যালসিয়াম খাওয়ানো: ৫,২৫০টি

ভ্যাকসিনেশন ক্যাম্প: ৩২২টি, চিকিৎসা প্রদান: ৬,০৬৫টি

দুধেল গাভীর সংখ্যা: ১৭,৮৩০টি, দুধের পরিমাণ: ৮৫,৫০০ লিটার (দৈনিক)

উন্নত জাতের নেপিয়ায়/পাকচং ঘাস চাষ প্রযুক্তি ব্যবহার: ৩,৮৫২জন

# হাঁসমুরগি ও গবাদিপশুর উন্নয়ন কার্যক্রম

*উন্নয়ন-সদস্যদের আর্থসামাজিক উন্নয়ন শক্তিশালী করতে নানামুখী সুযোগ-সম্ভাবনাকে বাস্তবভিত্তিক কর্মকাণ্ডে রূপান্তর করার প্রয়াস চালিয়ে যাচ্ছে। এরূপ একটি কার্যক্রম হলো--হাঁসমুরগি ও গবাদিপশুর উন্নয়ন কার্যক্রম। সংস্থার কর্মএলাকার মধ্যে হাঁসমুরগি, কবুতর, ছাগল ও ভেড়া পালন, পোল্ট্রি ও লেয়ার খামার, গরু মোটাতাজাকরণ ও ডেইরি খামার স্থাপন, দেশি ও কাদারনাথ মুরগির বাণিজ্যিক খামার স্থাপন ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। এক্ষেত্রে সংস্থা হতে আর্থিক ও কারিগরি পরিষেবা প্রদান করা হয়। বিশেষ করে--প্রয়োজনীয় ঋণ প্রদান; ওরিয়েন্টেশন, সভা-সেমিনার, প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন; উপকরণ সরবরাহকারী, হ্যাচারি, খাবার উৎপাদনকারী, ঔষধ-টিকা সরবরাহকারী ও বাজারজাতকারীদের সাথে উদ্যোক্তাদের মত-বিনিময় সভার আয়োজন; মাঠ দিবসের আয়োজন; মডেল খামার প্রদর্শনী তৈরি-সহ অন্যান্য সেবা-পরিষেবা প্রদান করা হয়।*





২০২৩-২৪ অর্থবছরে
প্রশিক্ষণ প্রদান: ৫,৬৫০ জন

ভ্যাকসিনেশন ক্যাম্প: ৪৮১টি

কৃমিনাশক ট্যাবলেট
খাওয়ানো: ৪৫,৫০০টি

চিকিৎসা প্রদান: ১০,১২৫টি

উৎপাদিত মাংসের পরিমাণ:
১২,৫০০ মেট্রিক টন

উৎপাদিত ডিমের পরিমাণ:
২৫,৭৮,০০১টি

# সুরক্ষা তহবিল কার্যক্রম

আর্থসামাজিক নিরাপত্তা সুরক্ষার উপর নির্ভরশীল। অনাকাঙ্ক্ষিত জীবনমরণ বিপদ-আপদ অর্থনৈতিক ভিত নড়বড়ে করে। এসএসএস-এর সুরক্ষা তহবিল কার্যক্রম উন্নয়ন-সদস্যদের আর্থিক সুরক্ষা বলয় সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করে যাচ্ছে। এসএসএস ১৯৯১ সালে এই কার্যক্রম শুরু করে। এই সুরক্ষা বলয় ভবিষ্যতের অনাগত ঝুঁকি লাঘবে প্রতিরক্ষা ব্যবস্থা। এই কার্যক্রম দলীয় সদস্যগণের মৃত্যুজনিত ঋণ ঝুঁকি হ্রাস করে, জনকল্যাণমূলক কর্মকাণ্ড গতিশীল হয়। সংস্থার উন্নয়ন-সদস্য এই কার্যক্রমের সুবিধাভোগী। সুরক্ষা তহবিল সুবিধাসমূহ নিম্নরূপ:

- সদস্যের মৃত্যুতে ৭,০০০ টাকা অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য অনুদান প্রদান।
- ঋণ গ্রহীতা অথবা তার নমিনির মৃত্যুতে আদায়যোগ্য ঋণ সম্পূর্ণ মওকুফ।
- সদস্যদের চিকিৎসা, ছেলেমেয়ের পড়ালেখা, বিয়ে, বাড়ি-ঘর মেরামত, প্রাকৃতিক দুর্যোগ ও অকাল মৃত্যুতে বিশেষ সহায়তা প্রদান।
- চার ধরনের শারীরিক সমস্যা: সিজারিয়ান ডেলিভারি, পিত্তথলির পাথর, হিস্টেরেক্টমি ও অ্যাপেন্ডিসাইটিস অপারেশনে ৭,০০০ টাকা অনুদান প্রদান।

২০২৩-২৪ অর্থবছরে সুরক্ষা তহবিল খাতে সংস্থার ৫০.৬৫ কোটি টাকা ব্যয় হয়। এরমধ্যে মৃত্যুজনিত ঋণ সমন্বয় করা হয় ৪১.১৯ কোটি টাকা, অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য প্রদান ৯০.৮০ লক্ষ টাকা এবং চিকিৎসা বাবদ সহায়তা প্রদান ৮.৫৫ কোটি টাকা।

## ৩০ জুন ২০২৪ পর্যন্ত সময়ে এই তহবিলের স্থিতি দাঁড়িয়েছে ২০৭.০৭ কোটি টাকা।

### ২০২৩-২৪ অর্থবছরে সুরক্ষা তহবিল খাতে ব্যয়:



# রেমিটেন্স ট্রান্সফার

আমাদের সক্রিয় শ্রমশক্তির একটা বৃহদাংশ বিদেশে কর্মরত। তাঁদের অর্জিত আয় ও মুদ্রা বাংলাদেশের অর্থনীতির অন্যতম সক্ষমতার নির্দেশক। পরিবার পরিজনের প্রয়োজনে প্রবাসিগণ মাঝে মধ্যে দেশে অর্থ প্রেরণ করেন। গ্রাহকগণ প্রেরিত অর্থ অনায়াসে পেতে ইচ্ছুক। কিন্তু আমাদের দেশে অধিকাংশ রেমিটেন্স ট্রান্সফারকারী প্রতিষ্ঠান শহরে অবস্থিত। এসকল প্রতিষ্ঠানের দীর্ঘসূত্রিতা, যাতায়াত ও বিভিন্ন আনুষ্ঠানিকতা সাধারণ গ্রহকগণের জন্য বিপত্তি সৃষ্টি করে। সংস্থার কর্মএলাকায় বিদ্যমান এ-সকল সমস্যা অতিক্রম করতে এসএসএস উদ্যোগ গ্রহণ করে। ২৬ জুলাই ২০১১ আর্থিক পরিষেবা কর্মসূচিতে রেমিটেন্স ট্রান্সফার কার্যক্রম শুরু হয়। সংস্থার প্রতিটি শাখায় এই কার্যক্রম পরিচালিত হচ্ছে। এক্ষেত্রে সংস্থা সাউথইস্ট ব্যাংক লিমিটেড ও সিটি ব্যাংক লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। তবে লেনদেন ওয়েস্টার্ন ইউনিয়ন, এক্সপ্রেস মানি ও মানিগ্রাম-এর প্রত্যক্ষ সহায়তায় নিষ্পন্ন হয়।

## বছরভিত্তিক (পাঁচ বছর) রেমিটেন্স ট্রান্সফার




এসএসএস

# সামাজিক উন্নয়ন কর্মসূচি

- স্বাস্থ্যসেবা কর্মসূচি
- শিক্ষা ও শিশু উন্নয়ন কর্মসূচি
- শিক্ষাবৃত্তি কার্যক্রম
- প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, কৈশোর কর্মসূচি
- সামাজিক উন্নয়ন ও কল্যাণমূলক কার্যক্রম
- দুর্যোগ ব্যবস্থাপনা, ত্রাণ ও পুনর্বাসন কর্মসূচি
- ইসিসিসিপি-ফ্লাড ও ইসিসিসিপি-ড্রাউট প্রকল্প




WM JONES
SOCIETY FOR SOCIAL SERVICE HOSPITAL

# এসএসএস হাসপাতাল

*এসএসএস হাসপাতালের যাত্রা শুরু হয়: ২০০০ সালে। এটি টাঙ্গাইল সদরে সংস্থার নিজস্ব ভবনে মনোরম ও পরিচ্ছন্ন পরিবেশে গড়ে উঠে। সরকারি নিবন্ধনপ্রাপ্ত আধুনিক এই হাসপাতালের শয্যা সংখ্যা ২০টি। নামমাত্র সেবামূল্যে একদল বিশেষজ্ঞ চিকিৎসক নিরবচ্ছিন্নভাবে মানসম্মত চিকিৎসাসেবা প্রদান করে যাচ্ছে। এখানে গাইনি, কার্ডিয়াক, শিশু, মেডিসিন ও ফিজিওথেরাপিসহ আরও বেশকিছু বিষয়ে চিকিৎসা দেওয়া হয়। সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর স্বল্পমূল্যে উপযুক্ত সেবা গ্রহণের রয়েছে বিশেষ সুযোগ।*

## এসএসএস হাসপাতাল হতে বিষয়ভিত্তিক চিকিৎসাসেবা প্রদান (২০২৩-২৪)





এসএসএস হাসপাতাল হতে একজন নারীর চিকিৎসাসেবা গ্রহণ

## বছরভিত্তিক (পাঁচ বছর) এসএসএস হাসপাতাল হতে প্রদত্ত সেবা



# এসএসএস চক্ষু বিভাগ

*এসএসএস হাসপাতালের একটি গুরুত্বপূর্ণ বিভাগ হলো চক্ষু বিভাগ। এটি এসএসএস হাসপাতালের অবিচ্ছেদ্য অংশ, পৃথক ভবনে অবস্থিত। আধুনিক ভবন, সরঞ্জাম ও পরিষ্কার-পরিচ্ছন্নতা এই কার্যক্রমের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। দাতা সংস্থা টিডিএইচ-নেদারল্যান্ডসের আর্থিক সহায়তা এ-বিভাগকে সময়োপযোগী চিকিৎসা সরঞ্জামে দিয়েছে পরিপূর্ণতা। ফ্যাকো সার্জারি, কম্পিউটারে চক্ষু পরীক্ষা, সুসজ্জিত অপারেশন থিয়েটার, বিশেষজ্ঞ চিকিৎসক, নির্ভরযোগ্য সুচিকিৎসা এবং স্বল্পমূল্যে সেবা প্রদান এর অন্যান্য মৌলিকতা।*

## ২০২৩-২৪ অর্থবছরে এসএসএস চক্ষু বিভাগ সেবা প্রদান:



# প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি

*এসএসএস জানুয়ারি ১৯৯৬ প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম শুরু করে। নামমাত্র সেবামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানসহ স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি এর মূল লক্ষ্য। এরপর ফেব্রুয়ারি ২০১৬ এই কর্মসূচিকে নতুন এক-ধারায় বিশেষ রূপদান করা হয়। সংস্থার নিজস্ব সৃজনশীলতা ও অর্থায়নে টাঙ্গাইল, জামালপুর, রংপুর ও কুড়িগ্রাম জেলার ৪৪টি শাখায় এই কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রতিটি শাখায় একজন করে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট সেবা প্রদান করেন। এছাড়াও তৃণমূল-স্তরে মোট ৩৩ জন সিএইচভি (কমিউনিটি হেল্থ ভলানটিয়ার) কাজ করছেন। এসএসএস হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই কর্মসূচি পরিচালিত হচ্ছে। এই কর্মসূচির সম্পাদিত মৌলিক কর্মকাণ্ডসমূহ নিম্নরূপ–*

- প্রতিদিন সকালে সমিতি-পর্যায়ে সদস্যগণকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান;
- দুপুর দুটা হতে বিকেল পাঁচটা পর্যন্ত স্ট্যাটিক ক্লিনিকের (শাখা অফিসে) মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান;
- প্রতিটি শাখায় সপ্তাহে কমপক্ষে একটি করে চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা;
- সভা ও কর্মশালার আয়োজন ও প্রয়োজন অনুসারে রেফারেল সুবিধা প্রদান করা।

**২০২৩-২৪ সময়ে প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি হতে ১,৯০,৪৯৮ জন রোগী চিকিৎসাসেবা গ্রহণ করেন। ৪৪টি উপস্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে ৫০৯টি চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়।**

# স্বাস্থ্য ও সুস্থতাবিষয়ক কার্যক্রম

*এসএসএস-এর স্বাস্থ্য কর্মসূচির অধীনে আরও বেশকিছু কর্মকাণ্ড বাস্তবায়িত হয়। সুস্বাস্থ্য ও সামাজিক শ্রীবৃদ্ধি অর্জনে সংস্থার এ-জাতীয় কর্মকাণ্ডের গুরুত্ব অতুলনীয়। এই জাতীয় কার্যক্রমের মধ্যে গর্ভবতী ও প্রসূতি সেবা, কৃমিনাশক কার্যক্রম, পরিবার পরিকল্পনা কার্যক্রম, পুষ্টিবিষয়ক কার্যক্রম, সম্প্রসারিত টিকাদান ও এনআইডি কার্যক্রম, রক্তস্বল্পতা প্রতিরোধক কার্যক্রম, নিরাপদ পানি ও স্যানিটেশন কার্যক্রম, প্রজনন স্বাস্থ্যসেবা ও বাল্যবিবাহ প্রতিরোধমূলক কার্যক্রম ইত্যাদি উল্লেখযোগ্য।*

## স্বাস্থ্য ও সুস্থতাবিষয়ক কার্যক্রম (২০২৩-২৪)



# ঝর্ণা বেগম--চোখের আলো ফিরে পেলেন



ঝর্ণা বেগম, বয়স (৫১)। স্বামী মোঃ আফজাল হোসেন, টাঙ্গাইল জেলার নাগরপুর ইউনিয়নের বাবলাপাড়া গ্রামের বাসিন্দা, ঝর্ণা ছিলেন এক দরিদ্র পরিবারের মেয়ে। খুব অল্প বয়সে বাবা-মা তাঁর বিয়ে দিয়েছিলেন। তাঁর স্বামীও ছিলেন আর্থিকভাবে পিছিয়ে পড়া এক পরিবারের সন্তান। স্বামী পেশায় ছিলেন দিন মজুর। পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য নিশ্চিত করার মতো আর্থিক অবস্থা তাদের ছিল না। প্রয়োজনীয় চিকিৎসাসেবা গ্রহণ করা ছিল নাগালের বাইরে।

বছর তিনেক ঝর্ণা বেগম দু চোখে কিছুই দেখতে পারে না। সবকিছুই ঝাপসা দেখেন। মেডিক্যাল অ্যাসিস্টেন্টের পরামর্শে তিনি এসএসএস হাসপাতালে ডাক্তার দেখান। ডাক্তার চোখ পরীক্ষা করে দেখেন তাঁর দু চোখে ছানি পড়েছে। ডাক্তার অল্প সময়ের মধ্যেই তাঁকে চোখের ছানি অপারেশনের পরামর্শ দেন।

১৫ জুলাই ২০২৩ স্বল্পমূল্যে এসএসএস হাসপাতালে তাঁর চোখের ছানি অপারেশন সফলভাবে সম্পন্ন করা হয়। ঝর্ণা বেগম এখন চোখে সব কিছু দেখতে পান। দেখতে পেয়ে তিনি খুব খুশি। স্বল্পমূল্যে গুণগত মানের চিকিৎসাসেবা প্রদানের জন্য তিনি এসএসএস-এর প্রশংসা করেন।

# এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোম

*১৯৯৯ সালে টাঙ্গাইল সদর উপজেলার মগড়া ইউনিয়নের কুইজবাড়ি গ্রামে এসএসএস সোনার বাংলা চিলড্রেন হোম অবস্থিত। ৯.৫ একর (সংস্থার নিজস্ব) ভূমির উপর এটি প্রতিষ্ঠিত। যৌনকর্মীদের শিশুদেরকে পতিতালয় থেকে উদ্ধার করে প্রয়োজনীয় শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সুশীল সমাজে প্রতিষ্ঠা করাই এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। বর্তমানে হোমের কার্যক্রম এসএসএস-এর নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে। তবে, ১৯৯৯ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত প্রকল্পটি টেরে ডেস হোমস, নেদারল্যান্ডস-এর আর্থিক সহায়তায় পরিচালিত হয়।*



এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোমের শিশু-কিশোরদের একাংশ

হোমে শিশু-কিশোর জন্য আবাসন, খাদ্য, বস্ত্র, শিক্ষা-উপকরণ, নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সংস্থার পক্ষ থেকে বিনামূল্যে সরবরাহ করা হয়। লেখাপড়ার সাথে শিশুদের নাচ, গান, মার্শাল আর্ট, অভিনয়, আবৃত্তি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

# এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোমে অবস্থানরত ছেলেমেয়েদের পরিসংখ্যান (৩০ জুন ২০২৪ প্রান্তে)




৩০ জুন ২০২৪ পর্যন্ত সংস্থার অভিভাবকত্বে সোনার বাংলা চিল্ড্রেন হোমের ২৯ জন ছেলেমেয়ের বিবাহ দেওয়া হয়েছে।

সুশোভন কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে ৪২ জনের।

এরমধ্যে এসএসএস-এ চাকরি করে ২৪ জন, অন্যান্য প্রতিষ্ঠানে নিয়োজিত ১৫ জন এবং স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে ৩ জনের।

# এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুল

হরিজন, রবিদাস, চৌহান ও যৌনকর্মী পরিবারের শিশু-কিশোরদের উন্নয়নে এসএসএস এক বিশেষ কার্যক্রম শুরু করে। কার্যক্রমটি ১৯৯৪ সালে প্রাতিষ্ঠানিক রূপ লাভ পায়। শিক্ষা, সংস্কৃতি ও উন্নয়নমূলক বিভিন্ন কর্মকাণ্ডে এই কার্যক্রম সমৃদ্ধ করা হয়। প্রচেষ্টা ও অগ্রগতির ক্রমধারায় ২০১৫ সালে টাঙ্গাইল সদরের প্রাণকেন্দ্রে প্রতিষ্ঠা করা হয়--এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুল। সংস্থার নিজস্ব অর্থায়নে পরিচালিত এই বিদ্যালয়ে প্লে-গ্রুপ থেকে দশম শ্রেণি পর্যন্ত অধ্যয়নের সুযোগ রয়েছে।

সমাজের সকল শিশু-কিশোরদের অধ্যয়নের সুযোগ; ইংরেজি ভাষা ও প্রযুক্তি শিক্ষা বাধ্যতামূলক; নার্সারি থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত ইংরেজি ভার্সনে পড়ার সুযোগ; ছাত্রছাত্রীদের বিনামূল্যে স্বাস্থ্য ও খাদ্যপুষ্টি বিষয়ে সেবা প্রদান এবং কারাতেসহ সাংস্কৃতিক কার্যক্রমে প্রশিক্ষণ প্রদান।

বর্তমানে ৫০২ জন ছাত্রছাত্রী এই স্কুলে অধ্যয়ন করে।

এরমধ্যে ১৮০ জন (ছেলে-৮৯ জন ও মেয়ে-৯১ জন) হরিজন, চৌহান ও রবিদাস সম্প্রদায়ভুক্ত।

স্কুলের পাশে অবস্থিত পতিতালয়ের ৩৪ জন (ছেলে-১৬ ও মেয়ে-১৮)শিক্ষার্থী।

সুশীল সমাজের ২৮৮ জন (ছেলে-১৪৩ ও মেয়ে-১৪৫) শিক্ষার্থী।



এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুলের শিশু-কিশোরদের একাংশ স্কুল প্রাঙ্গণে খেলছে

## ৩০ জুন ২০২৪ পর্যন্ত এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুলে অধ্যয়ন পরবর্তী হরিজন, রবিদাস, চৌহান সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের অবস্থান



# গৃহকর্মে নিয়োজিত শিশুদের শিক্ষা



একটি গৃহকর্মে নিয়োজিত শিশুদের জন্য শিক্ষাকেন্দ্রের একাংশ

এসএসএস-এর শিক্ষা ও শিশু উন্নয়ন কর্মসূচির অন্যতম কার্যক্রম হলো গৃহকর্মে নিয়োজিত শিশুদের জন্য শিক্ষা। দারিদ্র্যক্লিষ্ট পরিবারের শিশু-কিশোররা সামান্য কিছু অর্থের জন্য অন্যের বাড়িতে কাজ করতে বাধ্য হয়। অনেক সময় খাবারের বিনিময়েও তারা অপরের গৃহস্থালির কাজে সংশ্লিষ্ট হয়। ফলে তাদের শিক্ষাসহ অন্যান্য মৌলিক অধিকার খর্ব হয়। এসএসএস ১৯৯৯ সালে এজাতীয় শিশুদের উন্নয়নে কার্যক্রম বাস্তবায়ন শুরু করে। টাঙ্গাইল শহরে ৮টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। প্রতিটি কেন্দ্রে একজন করে শিক্ষিকা নিয়োজিত রয়েছেন। কেন্দ্র প্রতি ২৫ জন করে মোট ২০০ ছাত্রছাত্রী এ-সকল কেন্দ্রে অধ্যয়নের সুযোগ পায়।



মোট শিক্ষাকেন্দ্র: ৮টি

কেন্দ্র প্রতি ২৫ জন করে মোট ২০০ ছাত্রছাত্রী

কেন্দ্র প্রতি ২৫ জন করে মোট ২০০ ছাত্রছাত্রী

## ৩০ জুন ২০২৪ পর্যন্ত গৃহকর্মে নিয়োজিত শিশুদের শিক্ষা কার্যক্রমের অর্জন

| | |
|---|---|
| শুধু পিএসসি সমাপ্ত করেছে | ২৫১ জন |
| শুধু জেএসসি সমাপ্ত করেছে | ১৯ জন |
| শুধু এসএসসি সমাপ্ত করেছে | ১৪ জন |
